

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্বরাষ্ট্র মন্ত্রণালয়

প্রশাসন-১ শাখা

[www.moha.gov.bd](http://www.moha.gov.bd)

নং: ৪৪.০০.০০০০.০০০.০১৯.০১.০০৫৯.২৫.৪৩১

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩  
০৪ মে ২০২৬

**অফিস আদেশ**

যেহেতু; জনাব মোঃ গিয়াস উদ্দীন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, প্রশাসন-১ শাখায় সংযুক্ত, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, (সাময়িক বরখাস্ত) এ মন্ত্রণালয় কর্তৃক কক্সবাজারে আয়োজিত “স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের আওতাধীন অধিদপ্তরের মাঠ পর্যায়ের কার্যক্রমের সাথে সম্পৃক্ততা বৃদ্ধির মাধ্যমে দক্ষতা উন্নয়ন” শীর্ষক প্রশিক্ষণের ৩য় ব্যাচ (১৪-১৮ ডিসেম্বর, ২০২৫) এ অংশগ্রহণের জন্য অনুমোদিত সময়ের পূর্বে কক্সবাজার গমন করে সরকারি নির্দেশনার ব্যত্যয় করেন;

০২। যেহেতু, তিনি কক্সবাজার থেকে সেন্টমার্টিন যাওয়ার উদ্দেশ্যে কক্সবাজার, সদর, কক্সবাজার এলাকায় চিৎকার, টেচামেচি ও বিশৃঙ্খলা সৃষ্টি করেন এবং উপজেলা নির্বাহী অফিসার, কক্সবাজার সদর এর সাথে অসৌজন্যমূলক আচরণ করেন;

০৩। যেহেতু, তার এহেন অসৌজন্যমূলক আচরণের বিষয়টি বিভিন্ন প্রিন্ট ও ইলেকট্রনিক মিডিয়ায় ব্যাপকভাবে প্রচারিত হওয়ায় স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের ভাবমূর্তি চরমভাবে ক্ষুণ্ণ হয়;

০৪। যেহেতু জনাব মোঃ গিয়াস উদ্দীন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক এর উক্তরূপ কার্যকলাপ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী "অসদাচরণ" এর পর্যায়ভুক্ত এবং শাস্তিযোগ্য অপরাধ; এবং

০৫। যেহেতু অভিযুক্ত কর্মচারী জনাব মোঃ গিয়াস উদ্দীন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক এর বিরুদ্ধে আনীত অভিযোগ, তার লিখিত জবাব এবং ব্যক্তিগত শুনানী পর্যালোচনা করে তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তিনি লঘু দণ্ড পাওয়ার যোগ্য।

০৬। যেহেতু; জনাব মোঃ গিয়াস উদ্দীন, অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩ (খ) বিধি অনুযায়ী “অসদাচরণ” এর অভিযোগে দোষী সাব্যস্ত করে অভিযোগের গুরুত্ব ও প্রাসঙ্গিক সকল বিষয় বিবেচনা করে একই বিধিমালায় বিধি ৪ (২) (ক) বিধি মোতাবেক তাকে “তিরস্কার” সূচক লঘুদণ্ড প্রদান করা হলো এবং একইসাথে স্বরাষ্ট্র মন্ত্রণালয়ের গত ১৪-১২-২০২৫ তারিখের ৪৪.০০.০০০০.০০০.০১৯.০১.০০৫৯.২৫.১০২৮ নম্বর অফিস আদেশমূলে তার ‘সাময়িক বরখাস্ত’ আদেশ এতদ্বারা প্রত্যাহার করা হলো। তার সাময়িক বরখাস্তকাল কর্তব্যকাল হিসেবে গণ্য হবে।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

৪৪:

মুহাম্মদ আবদুল্লাহ আল জাবেদ  
উপসচিব

ফোন: ০২-২২৩৩৫৪৫২১

[admin1@mhapd.gov.bd](mailto:admin1@mhapd.gov.bd)

নং: ৪৪.০০.০০০০.০০০.০১৯.০১.০০৫৯.২৫.৪৩১

তারিখ: ২১ বৈশাখ ১৪৩৩  
০৪ মে ২০২৬

অবগতি/অবগতি ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হল:

- ১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ অনুবিভাগ), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। যুগ্মসচিব (প্রশাসন-১ অধিশাখা), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৩। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৪। প্রধান হিসাবরক্ষণ কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, সেগুন বাগিচা, ঢাকা
- ৫। সিস্টেম এনালিস্ট-১, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৬। হিসাবরক্ষণ কর্মকর্তা, হিসাব কোষ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৭। জনাব মোঃ গিয়াস উদ্দীন, অফিস সহকারী কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৮। ব্যক্তিগত নথি।

০৪/০৫/২০২৬  
মুহাম্মদ আবদুল্লাহ আল জাবেদ  
উপসচিব